তারিখ ... 18 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

সমকাল

# বঙ্গবন্ধু জাদুঘরের কিউরেটর নজরুল ইসলাম খান

■ সমকাল প্রতিবেদক

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের কিউরেটরের দায়িত্ব পেয়েছেন সাবেক শিক্ষা সচিব নজরুল ইসলাম খান (এনআই খান)।

গতকাল বৃহস্পতিবার সকালে ধানমণ্ডির বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অবস্থানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এনআই খানকে নতুন এ দায়িত্ব দেন। বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির জনকের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে প্রধানমন্ত্রী জাদুঘরে যান।

নতুন দায়িত্ব পাওয়ার পর এক প্রতিক্রিয়ায় এনআই খান সমকালকে বলেন, 'প্রধানমন্ত্রী আজ সকালে আমাকে বঙ্গবন্ধু জাদুঘরের কিউরেটরের দায়িত্ব দিয়েছেন। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালির নামে প্রতিষ্ঠিত জাদুঘরের কিউরেটরের দায়িত্ব পাওয়া ভাগ্যের ব্যাপার। এটি গুরুদায়িত্ব। কতটুকু পালন করতে পারব জানি না। তবে চেষ্টা করে যাব।'

এনআই খান গত বছরের ৩০ নভেম্বর থেকে শিক্ষা সচিবের পদ হতে অবসর উত্তর ছুটি ভোগ করছেন। এর আগে তিনি প্রধানমন্ত্রীর একান্ত সচিব এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচিব হিসেবেও দায়িত্ব পালন করেছেন।